

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ  
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-০২  
শের-ই-বাংলা নগর, ঢাকা।  
[www.imed.gov.bd](http://www.imed.gov.bd)

নিবিড় পরিবীক্ষণ পরিচালনার জন্য Terms of Reference (ToR):

- ১। প্রকল্পের নাম : “ঢাকার কেরানীগঞ্জ থেকে মুন্সীগঞ্জের হাসাড়া পর্যন্ত জেলা মহাসড়ক (জেড-৮২০৩) যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ (১ম সংশোধন)”।
- ২। প্রকল্পের ধরণ : বিনিয়োগ প্রকল্প
- ৩। অর্থায়ন : জিওবি
- ৪। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়/সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ৫। বাস্তবায়নকারী সংস্থা : সড়ক ও জনপথ অধিদপ্তর।
- ৬। প্রকল্প এলাকা :
- | বিভাগ | জেলা              | উপজেলা                   |
|-------|-------------------|--------------------------|
| ঢাকা  | ঢাকা ও মুন্সীগঞ্জ | সিরাজদিখান ও কেরানীগঞ্জ। |

৭। প্রকল্পের ব্যয়ঃ (লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)	:	মোট	জিওবি	প্রকল্প সাহায্য
মূল অনুমোদিত	:	৪৪৮৬৯.৬৯	৪৪৮৬৯.৬৯	০.০০

৮। বাস্তবায়নকালঃ ০১/০১/২০২০ হতে ৩০/০৬/২০২৪। (প্রস্তাবিত- ০১/০১/২০২০ - ৩০/০৬/২০২৫)।

৯। প্রকল্পের উদ্দেশ্যঃ

- প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে ঢাকা-মাওয়া (এন-৮) এক্সপ্রেস হাইওয়ের হাসাড়া নামক স্থান হতে সৈয়দপুর (কেরানীগঞ্জ) হতে শহীদ বুদ্ধিজীবী (বসিলা) সেতু হয়ে ঢাকা মোহাম্মদপুর ও গাবতলী (এন-৫) জাতীয় মহাসড়কের সাথে সরাসরি সংযোগ স্থাপিত হবে।

১০। প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম:

ক) ভূমি অধিগ্রহণ	:	৬.৮২ হেক্টর
খ) সড়ক বাঁধে মাটির কাজ	:	৫২২৯৪৯.৩২ ল: ঘ: মিটার
গ) পেভমেন্ট প্রশস্তকরণ ও মজবুতকরণ	:	৭.৫৪ কিলোমিটার
ঘ) সার্ফেসিং	:	৭.৫৪ কিলোমিটার
ঙ) পিসি গার্ডার সেতু	:	৯৮৬.৭০ মিটার
চ) হার্ড সোল্ডার নির্মাণ	:	১৬.৮৭৭ কিলোমিটার
ছ) আরসিসি রিজিড পেভমেন্ট নির্মাণ	:	৮.৪৬ কিলোমিটার
জ) আরসিসি বক্স কালভার্ট নির্মাণ	:	৭৮.০০ মিটার
ঝ) ফ্রস ডেন	:	৫০০.০০ মিটার
ঞ) কংক্রিট স্লোপ প্রটেকশন উইথ জিও টেক্সটাইলস	:	৩০১০০.০০ ব: মিটার
ট) সসার ডেন নির্মাণ	:	৫৯২২.০০ মিটার

## ১১। পরামর্শক প্রতিষ্ঠানের দায়িত্বঃ

- ১১.১ প্রকল্পের বিবরণ (পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধনের অবস্থা, অর্থায়নের বিষয় ইত্যাদি সকল প্রযোজ্য তথ্য) পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ১১.২ প্রকল্পের অর্থবছরভিত্তিক কর্ম পরিকল্পনা, অর্থবছরভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয় এবং বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতির তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণি/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;
- ১১.৩ প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনা ও প্রকল্পের উদ্দেশ্য ও লগ ফ্রেমের আলোকে output পর্যায়ের অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ১১.৪ প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত সংগ্রহ আইন ও বিধিমালা (পিপিএ, পিপিআর, উন্নয়ন সহযোগী গাইডলাইন ইত্যাদি) এবং প্রকল্প দলিলে উল্লিখিত ক্রয় পরিকল্পনা প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে তুলনামূলক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ১১.৫ প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগৃহীতব্য পণ্য, কার্য ও সেবা পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ (টেকসই পরিকল্পনা) আনুষঙ্গিক বিষয় পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ১১.৬ প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগ্রহের প্রক্রিয়াধীন বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BOQ/TOR, গুণগত মান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ১১.৭ প্রকল্পের ঝুঁকি অর্থাৎ বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা যেমন অর্থায়নে বিলম্ব, বাস্তবায়নে পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনায় অদক্ষতা ও প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদির কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ১১.৮ প্রকল্প অনুমোদন সংশোধন (প্রযোজ্য ক্ষেত্রে) অর্থ বরাদ্দ, অর্থ ছাড়, বিল পরিশোধ ইত্যাদি বিষয়ে তথ্য-উপাত্তের পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ১১.৯ উন্নয়ন সহযোগী সংস্থা (যদি থাকে) কর্তৃক চুক্তি স্বাক্ষর, চুক্তির শর্ত, ক্রয় প্রস্তাব প্রক্রিয়াকরণ ও অনুমোদন, অর্থ ছাড়, বিল পরিশোধে সম্মতি ও বিভিন্ন মিশনের সুপারিশ ইত্যাদির তথ্য-উপাত্তভিত্তিক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ১১.১০ প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই (sustainable) করার লক্ষ্যে মতামত প্রদান;
- ১১.১১ প্রকল্পের লক্ষ্য, উদ্দেশ্য, প্রকল্পের কার্যক্রম, বাস্তবায়ন পরিকল্পনা, প্রকল্প ব্যবস্থাপনা, ঝুঁকি, মেয়াদ, ব্যয়, অর্জন ইত্যাদি বিষয় বিবেচনা করে একটি SWOT ANALYSIS;
- ১১.১২ প্রকল্পের ঘোষিত লক্ষ্য, উদ্দেশ্য অর্জনের ক্ষেত্রে কতটা কাঙ্ক্ষিত অগ্রগতি হয়েছে সে সম্পর্কে পর্যালোচনা ও পর্যবেক্ষণ প্রতিবেদনে উল্লেখ করতে হবে।
- ১১.১৩ প্রকল্প ব্যবস্থাপনাঃ প্রকল্প পরিচালক নিয়োগ, জনবল নিয়োগ, প্রকল্প ব্যবস্থাপনা কমিটির সভা, প্রকল্প সমীক্ষা তত্ত্বাবধান কমিটির সভা আয়োজন, কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, সভার ও প্রতিবেদনের সিদ্ধান্ত বাস্তবায়ন, অগ্রগতির তথ্য প্রেরণ ইত্যাদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ১১.১৪ প্রকল্প সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনা ও মাঠ পর্যায় হতে প্রাপ্ত তথ্যের বিশ্লেষণের আলোকে সার্বিক পর্যালোচনা, পর্যবেক্ষণ, প্রয়োজনীয় সুপারিশসহ একটি প্রতিবেদন প্রণয়ন করবে ও জাতীয় কর্মশালায় প্রতিবেদনটি উপস্থাপন করবে। জাতীয় কর্মশালায় প্রাপ্ত মতামত সন্নিবেশ করে বাংলা ও ইংরেজী ভাষা বিশেষজ্ঞ দ্বারা পরীক্ষা করে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন ও প্রণয়নকৃত প্রতিবেদন প্রত্যয়ণ করবে;
- ১১.১৫ ফার্ম কর্তৃপক্ষের সাথে টিমের সকল সদস্যের চুক্তির প্রমানক নেগোসিয়েশনের সময় দাখিল করবে;
- ১১.১৬ তথ্য সংগ্রহে Field Visit এ টিম লিডারসহ সকল সদস্যের অংশগ্রহণ, টেকনিক্যাল ও স্টিয়ারিং কমিটির সকল সভায় ও কর্মশালায় টিম লিডারসহ সকল সদস্যের উপস্থিতি নিশ্চিত করা এবং প্রতিটি সভায় টিম লিডার কর্তৃক উপস্থাপনা প্রদান করতে হবে।
- ১১.১৭ রিপোর্ট তৈরিতে টিমের সকল সদস্যের অংশগ্রহণের প্রমাণক স্বরূপ প্রত্যেক রিপোর্টে টিম লিডার ও অন্যান্য সদস্যের প্রত্যয়ণ
- ১১.১৮ চূড়ান্ত মনোনিত পরামর্শক প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট সমীক্ষা কার্যক্রমের ক্ষেত্রে টিম লিডারসহ অন্যান্য পরামর্শক দস্যগণ আইএমইডির চলতি বছরে পরিচালিত গবেষণা কার্যক্রমে একটির বেশী সমীক্ষা কার্যক্রমের সাথে সংযুক্ত থাকতে পারবেন না।

১১.১৯ নির্বাচিতব্য প্রতিষ্ঠানসমূহ যে সব FGD, KII-সহ সরেজমির পরিদর্শন সম্পন্ন করবেন তার একটি ভিডিও (ন্যূনতম ৩০ মিনিটের) প্রমাণক হিসেবে আবশ্যিকভাবে জাতীয় কর্মশালার পূর্বে আইএমইডিতে দাখিল করতে হবে;

১১.২০ কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্যান্য বিষয়াবলী।

**১২। পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতাঃ**

নং	ফার্ম ও ফার্মের পরামর্শক	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১)	পরামর্শক ফার্ম	-	<ul style="list-style-type: none"> <li>গবেষণা এবং প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত স্টাডি পরিচালনায় ন্যূনতম ৩ (তিন) বছরের অভিজ্ঞতা;</li> </ul>
২)	ক) টিম লিডার	সিভিল ইঞ্জিনিয়ারিং এ স্নাতক ডিগ্রী (সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ও পিএইচডি ডিগ্রী থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে)	<ul style="list-style-type: none"> <li>সড়ক ও সড়ক অবকাঠামো ডিজাইন ও নির্মাণ কাজে কমপক্ষে ১৫ (পনের) বছরের অভিজ্ঞতা ;</li> <li>সিভিল ইঞ্জিনিয়ারিং কাজে কমপক্ষে ২০ (বিশ) বছরের অভিজ্ঞতা;</li> <li>টিম লিডার হিসাবে ০৩ (তিন) বছর অথবা ডেপুটি টিম লিডার হিসাবে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা;</li> <li>Advanced and Innovative Pavement Engineering Technology / Transport Engineering Economics, Transport Planning বিষয়ে অভিজ্ঞতা এবং জলবায়ু পরিবর্তনের প্রভাব বিবেচনায় টেকসই সড়ক অবকাঠামো নির্মাণ বিষয়ে অভিজ্ঞতা;</li> <li>প্রকল্প ব্যবস্থাপনা ও পরিচালনা সংক্রান্ত বিষয়ে বাস্তব অভিজ্ঞতা;</li> <li>পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট-২০০৬ (পিপিএ) ও পাবলিক প্রকিউরমেন্ট রুলস (পিপিআর)-২০০৮ বিষয়ে সম্যক ধারণা থাকতে হবে;</li> </ul>
	খ) মিড-লেভেল ইঞ্জিনিয়ার	সিভিল ইঞ্জিনিয়ারিং এ স্নাতক ডিগ্রী (সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে)	<ul style="list-style-type: none"> <li>সিভিল ইঞ্জিনিয়ারিং কাজে কমপক্ষে ৮ (আট) বছরের অভিজ্ঞতা;</li> <li>সড়ক নির্মাণ কাজে ন্যূনতম ৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা;</li> <li>সড়কের গুণগতমান পরীক্ষায় কমপক্ষে ৪ (চার) বছরের অভিজ্ঞতা।</li> </ul>
	গ) সড়ক নিরাপত্তা বিশেষজ্ঞ	সিভিল/ট্রান্সপোর্ট ইঞ্জিনিয়ারিং এ স্নাতক ডিগ্রী (সড়ক নিরাপত্তা বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে)	<ul style="list-style-type: none"> <li>সড়ক নির্মাণ কাজে / ট্রান্সপোর্টেশন বিষয়ে কমপক্ষে ৮ (আট) বছরের অভিজ্ঞতা ;</li> <li>সড়ক নিরাপত্তা কাজে ন্যূনতম ৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা।</li> </ul>
	ঘ) ভূমি অধিগ্রহণ বিশেষজ্ঞ	যে কোন বিষয়ে ন্যূনতম স্নাতক ডিগ্রী	<ul style="list-style-type: none"> <li>ভূমি অধিগ্রহণ সংক্রান্ত কাজে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে;</li> </ul>

১৩। পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক নিম্নবর্ণিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবেঃ

ক্র:	প্রতিবেদনের নাম	দাখিলের সময়	সংখ্যা
১.	প্রারম্ভিক প্রতিবেদন (বাংলায়)	চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে	২৪ (টেকনিক্যাল কমিটি ১২ + স্টিয়ারিং কমিটি ১২) কপি
২.	১ম খসড়া প্রতিবেদন (বাংলায়)	চুক্তি সম্পাদনের ৭৫ দিনের মধ্যে	২৪ (টেকনিক্যাল কমিটি ১২ + স্টিয়ারিং কমিটি ১২) কপি
৩.	২য় খসড়া প্রতিবেদন (বাংলায়)	চুক্তি সম্পাদনের ৯০ দিনের মধ্যে	১০০ (জাতীয় কর্মশালা) কপি
৪.	চূড়ান্ত খসড়া প্রতিবেদন (বাংলায়)	চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে	১২ (টেকনিক্যাল কমিটি) কপি
৫.	চূড়ান্ত প্রতিবেদন (বাংলা ও ইংরেজী)	চুক্তি সম্পাদনের ১২০ দিনের মধ্যে	৬০ (বাংলা ৪০+ইংরেজী ২০) কপি

\* সকল প্রতিবেদন মহাপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-২ (পরিবহন), আইএমইডি বরাবর দাখিল করতে হবে। প্রতিবেদনগুলো Nikosh Font এ হতে হবে।

১৪। আইএমইডি কর্তৃক প্রদেয়:

- প্রকল্প দলিল ও প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন (যেমন: ডিপিপি/আরডিপিপি/পরিদর্শন প্রতিবেদন/পিসিআর); এবং
- বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে যোগাযোগের জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।

৯/১/২০২৪  
মো. জাহির রাহমান  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)  
সেক্টর-২